



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫০৯

তারিখ: ২০/১১/২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

বর্ণাঢ্য আয়োজনে কুবিতে কেন্দ্রীয় নবীনবরণ অনুষ্ঠিত

বর্ণাঢ্য আয়োজনে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের কেন্দ্রীয় নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টায় র্যালি, কেক কাটা ও জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে দিনব্যাপী এই অনুষ্ঠানমালার শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং প্রক্টর অধ্যাপক ড. মোঃ আব্দুল হাকিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক কমিটির আহ্বায়ক মোঃ আবদুল্লাহ আল মাহবুব।

অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী আগত অতিথি, শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীদের অভিনন্দন ও নবীন শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে বলেন, আজকের এই দিনে আমি ঘোষণা দিচ্ছি, ২০২৫ সালের শুরুতেই দ্বিতীয় সমাবর্তন করবো। উচ্চশিক্ষা ও গবেষণায় জোরদার করার লক্ষ্যে আমরা ইতিমধ্যেই ঘোষণা দিয়েছি এমফিল ও পিএইচডি ডিগ্রি চালু করার। আমাদের ২৩ শতাংশ শিক্ষার্থীদের জন্য আবাসনের ব্যবস্থা রয়েছে। আমরা চেষ্টা করবো আগামী এক বছরের মধ্যেই নতুন ক্যাম্পাসের চারটি হল খুলে দেওয়ার জন্য, যেন আবাসন ব্যবস্থা কিছুটা হলেও লাঘব হয়।

সম্মানিত অতিথি অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল বলেন, একজন শিক্ষার্থীর জন্য তার বাবা-মায়ের যে অবদান সেটি কখনো ভুলার নয়। বিশ্ববিদ্যালয় একটা রঙিন জায়গা। একরাশ রঙিন স্বপ্ন নিয়ে তোমরা এখানে পা রেখেছো। এই রঙিন স্বপ্ন পূরণে তোমরা চলার পথে অনেক ভালো কিছু দেখবে, পাশাপাশি অনেক খারাপ কিছুও দেখবে। বিশ্ববিদ্যালয়ে যেহেতু ভর্তি হয়েছে, তোমাদের এখনই লক্ষ্য ঠিক করতে হবে। তাহলেই তোমার চলার পথ মসৃণ হবে। আমরা চাই, তোমরা নবীন শিক্ষার্থীরা লক্ষ্য ঠিক করে পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে সফলতার সর্বোচ্চ শিখরে পৌঁছে যাও।

বিশেষ অতিথি মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, প্রথমেই আমি জুলাই বিপ্লবের শহীদদের স্মরণ করছি, জুলাই বিপ্লবের প্রেরণা নিয়ে নতুন আঙ্গিকে আমরা নবীনদের বরণ করছি। দেশের শিক্ষার্থীরা ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধসহ সকল আন্দোলনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছে। তোমরা অনেকেই জুলাই বিপ্লবে অংশগ্রহণ করেছো। সূত্রাং তোমরা এই প্রেরণা কাজে লাগিয়ে কল্যাণকর কাজ করবে। আশা করি নবীন শিক্ষার্থীরা দেশ গঠনেও বিভিন্ন কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এতদিন তোমরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে কারো না কারো অভিভাবকত্বে ছিলে, এখন তোমরা স্বাধীন, এই স্বাধীনতার সুযোগ কাজে লাগাও। আমাদের বিশ্ববিদ্যালয়ের বয়স বেশী নয়, তবে আমরা সর্বাঙ্গিক চেষ্টা করছি শিক্ষার্থীদের মঙ্গল করতে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের আশপাশের বিভিন্ন বিহারে প্রাচীন কালে জ্ঞান চর্চা করা হতো। আমরা কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি জ্ঞান চর্চা কেন্দ্র হিসেবে গড়ে তুলবো।

বিশেষ অতিথি মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, মেধাবী, দক্ষ ও কর্মক্ষম মানুষ হিসেবে গড়ে তুলতে আমাদের এই লাল মাটির ক্যাম্পাস অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশ-বিদেশের বিভিন্ন কর্পোরেট অফিস ও বড় বড় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোতে কুমিল্লা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের যে অগ্রযাত্রা, সেটির ধারাবাহিকতা তোমরা বজায় রাখবে বলে আমার বিশ্বাস। একাডেমির বাহিরে গিয়ে বিভিন্ন কো-কারিকুলাম একটিভিটিজে অংশগ্রহণ করে তোমরা সামাজিকতা ও বন্ধুত্বপূর্ণ গুণাবলি অর্জন করতে পারবে।

প্রক্টর ড. মোঃ আব্দুল হাকিম বলেন, বাংলাদেশের পার্টির রাজনীতির কারণে দীর্ঘদিন বিশ্ববিদ্যালয় হলগুলোতে র্যাগিং চরম মাত্রায় ছিল। আমরা এই বছর সম্পূর্ণভাবে র্যাগিং মুক্ত করতে না পারলেও আগামী বছর সম্পূর্ণভাবে র্যাগিং মুক্ত করেই ছাড়বো। মাদকাসক্ত এক চরম হিতকর ও ঘৃণ্যতম কাজ। এই ধরনের ঘৃণ্যতম কাজ বন্ধে আমরা বদ্ধ পরিকর।

সবশেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়